



# চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা কার্যালয়

চাঁপাইনবাবগঞ্জ।

Web : www.chapaipoura.gov.bd

স্মারক নং- ৪৬.৪৩.৭০৩৩.০০১.০১.০৩৪.২১.১৬৯

তারিখঃ ২১/০৩/২০২৩ ইং।

## একটি বিশেষ বিজ্ঞপ্তি

আসসালামু আলাইকুম।

এতদ্বারা পৌর এলাকার সকল ধর্মপ্রাণ মুসলমান ভাই-বোনদের অবগতির জন্য জানানো যাইতেছে যে, পবিত্র মাহে রমজান মাস আসন্ন। পবিত্র রমজান মাসের পবিত্রতা রক্ষা করা প্রতিটি মুসলমানের একান্ত দায়িত্ব ও কর্তব্য।

পবিত্র রমজান মাস রহমত, বরকত, মাগফিরাতের মাস। এই মাস আত্মশুদ্ধি ও সংযমের গুণ অর্জনের মাস। সমস্ত অরাজকতা, হিংসা ও বিদ্বেষ দূর করার মাস। এই পবিত্র মাহে রমজান মাসের পবিত্রতা রক্ষায়-

- দিনের বেলায় হোটেল, রেস্টোরা ও সকল প্রকার খাবারের দোকান বন্ধ রাখুন।
- রমজান মাসের পবিত্রতা রক্ষায় দিনের বেলায় পানাহার থেকে বিরত থাকুন, সংযম প্রদর্শন করুন।
- রং দেওয়া খাবার স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। তাই রং দেওয়া ইফতার সামগ্রী ক্রয় বিক্রয় করা বন্ধ করুন।
- ইফতারীর ভাজা-পোড়া তেল একবারের বেশী ব্যবহার করবেননা।
- খাদ্যে ভেজাল দেয়া থেকে বিরত থাকুন।
- মশা মাছি সমস্ত রোগের উৎস। তাই সব সময় খাবার ঢেকে রাখুন।
- পরিষ্কার-পরিচ্ছন্নতা ঈমানের অংগ।
- যেখানে সেখানে ময়লা আবর্জনা না ফেলে নির্দিষ্ট ডাস্টবিন ব্যবহার করুন।
- অশ্লীলতা ও অসামাজিক কার্যকলাপ থেকে বিরত থাকুন।

অনুরোধক্রমে-

মোঃ মোখলেসুর রহমান

মেয়র

চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা।

স্মারক নং- ৪৬.৪৩.৭০৩৩.০০১.০১.০৩৪.২১.১৬৯(২)

তারিখঃ ২১/০৩/২০২৩ ইং।

অনুলিপি অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। মোঃ মোস্তাফিজুর রহমান (মধু), মাইক অপারেটর, চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা। তাকে বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য নির্দেশ দেয়া হলো।
- ২। অফিস নথি।

মেয়র

চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা-র পক্ষে



(মোঃ মামুন-অর-রশিদ)

পৌর নির্বাহী কর্মকর্তা

চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা।